



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ঈদে মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ অক্টোবর ২০২০।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাব গাভির্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে অদ্য ৩০ অক্টোবর বাদ আসর বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে ববির কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়া মোনাজাতের আয়োজন করা হয়। দোয়া মোনাজাতে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। মিলাদ ও দোয়া মোনাজাতে মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর জীবনীর উপর সংক্ষিপ্ত আলোচনা করা হয়। আলোচনায় অংশ নিয়ে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন মহানবীর জীবনাদর্শকে শক্তি হিসেবে গ্রহণ করার জন্য মুসলিম উম্মাহ সহ সকলের প্রতি আহ্বান জানান। এসময় তিনি করোনা মহামারি থেকে সকলের পরিত্রাণ পাওয়ার জন্য মহান আল্লাহর নিকট বিশেষ রহমত কামনা করেন। বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ পরিচালনা কমিটির আহ্বায়ক রসায়ন বিভাগের সহকারি অধ্যাপক ড. মো: নাজমুল কায়েসের সঞ্চালনায় উক্ত দোয়া মোনাজাতে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন রেজিস্টার (অ.দা) অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, মসজিদ পরিচালনা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, কর্মচারি সমিতির নেতৃবৃন্দসহ মুসল্লীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস